গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

**২৫.০২.২০২৬ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প ও রাজস্ব কার্যক্রমের জানুয়ারি ২০২৬ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ আবদুর রউফ<br>মহাপরিচালক |
| তারিখ | ২৫.০২.২০২৬ খ্রি. |
| সময় | বেলা ০৯.৩০ ঘটিকা |
| সভার | স্থানসম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো। |

সভার শুরুতে বিগত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন করে দৃঢ়ীকরণ করা হয়।

সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভার শুরুতেই প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) সকলকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে সভাপতিকে সূচনা বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি মৎস্য অধিদপ্তরের রাজস্ব ও প্রকল্পসমূহের কার্যক্রমের গতিশীলতা সম্পর্কে আলোচনা করেন। এছাড়া তিনি উপপরিচালক পদে চলতি দায়িত্বপ্রাপ্ত এবং সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/সমমান পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১.০ রাজস্ব কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত:** | | |
| ১.১ | **টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG):**<br>এসডিজি ফোকাল পয়েন্ট জানান, UNEP, পরিবেশ অধিদপ্তর এবং বন অধিদপ্তরের সমন্বয়ে ১৪.২.১ এর প্রতিবেদন প্রণয়নের জন্য মন্ত্রণালয়ে সভা হয়েছে। এছাড়া অন্যান্য অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তরের তথ্যসমূহ পাওয়া গিয়েছে। সকল তথ্য একসাথে সন্নিবেশ করে UNEP তে প্রেরণ করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তরের এবং মৎস্য অধিদপ্তরের সমন্বয়ে ১৪.২.১ এর প্রতিবেদন প্রণয়নপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | এসডিজি ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.২ | **মা ইলিশ ও জাটকা সংরক্ষণ:**<br>উপপরিচালক, ইলিশসম্পদ ব্যবস্থাপনা শাখা, সভায় জানান, জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম ২০২৫-২৬ এর অভিযান ও মোবাইল কোর্ট সংক্রান্ত প্রতিবেদন যথারীতি পাওয়া যাচ্ছে। তিনি আরো জানান, মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ বেহুন্দিসহ অন্যান্য ক্ষতিকর জাল অপসারণে বিশেষ কম্বিং অপারেশনের ৪টি ধাপ সম্পন্ন হয়েছে। পরবর্তীতে সভায় কম্বিং অপারেশনের প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ৩৬৮২টি অভিযান এবং ৪৮১টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১৯.১৪ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে এবং ৭০ জনকে বিভিন্ন মেয়াদে জেল প্রদান করা হয়েছে, মামলার সংখ্যা ১৩৮টি। এছাড়া ৪৭৯৮টি বেহুন্দিজালসহ ১০৯৬৪টি অন্যান্য ক্ষতিকর জাল আটক করা হয়েছে। সভায় মার্চ- | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ইলিশসম্পদ ব্যবস্থাপনা) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | এপ্রিল মাসে জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ উদযাপনের বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত), সভায় মার্চ-এপ্রিল মাসে ইলিশ অভয়াশ্রমভুক্ত এলাকায় সকল ধরণের মাছ ধরা বন্ধ রাখার কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** জাটকা সংরক্ষণ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৬ উদযাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মার্চ-এপ্রিল মাসে ইলিশ অভয়াশ্রমভুক্ত এলাকায় সকল ধরণের মাছ ধরা বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১.৩ | **প্রশিক্ষণ:**<br>উপপরিচালক (প্রশিক্ষণ) সভায় জানান, বাজেট না থাকায় মৎস্য অধিদপ্তরে কর্মরত ড্রাইভারদের এসিআর লিখন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়নি। এছাড়া সভায় অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সদ্য পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের নিয়ে মার্চ মাসের ১ম সপ্তাহে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ১.৪ | **ওয়েবপোর্টাল:**<br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) জানান, নিয়মিত ওয়েবপোর্টাল পরিদর্শন করে হালনাগাদ করা হচ্ছে এবং ওয়েবপোর্টালের তথ্যসমূহ হালনাগাদের চেকলিস্ট প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনাধীন জানুয়ারি/২০২৬ মাসে ১০০টি উপজেলার ওয়েবপোর্টাল যাচাই বাছাই করা হয়েছে। তন্মধ্যে ৮০টি সঠিক আছে এবং ২০টি আংশিক ত্রুটিপূর্ণ রয়েছে। তিনি আরো জানান, জাতীয় তথ্য বাতায়ন (এনপিএফ) সম্প্রতি দ্বিতীয় ভার্সনে আপগ্রেড করা হয়েছে এবং মৎস্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ের তথ্য বাতায়ন দ্বিতীয় ভার্সনে আপগ্রেড করা হয়েছে। সভাপতি, ত্রুটিপূর্ণ ওয়েবপোর্টালের হালনাগাদ করা এবং প্রধান কার্যালয়ের ওয়েবপোর্টালের তথ্য নিয়মিত হালনাগাদের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** প্রতি মাসে ১০০টি অফিসের ওয়েবপোর্টালের তথ্যসমূহ হালনাগাদ আছে কিনা তা যাচাই বাছাই করে প্রতিবেদন উপস্থাপন করতে হবে। বিভাগীয় পরিচালকগন আওতাধীন দপ্তরসমূহের ত্রুটিপূর্ণ ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>**পিডিএস:**<br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন), কর্তকর্তা-কর্মচারীদের পিডিএস হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের পিডিএস হালনাগাদ রয়েছে। এছাড়া ২২/০২/২০২৬ খ্রি. পর্যন্ত GEMS এ ৫৭৫ জন ক্যাডার কর্মকর্তার প্রাক নিবন্ধন করা হয়েছে এবং ১৭৯ জন কর্মকর্তার হালনাগাদ তথ্য অনুমোদন দেয়া হয়েছে। সভায় GEMS এ তথ্য হালনাগাদ এবং হালনাগাদকৃত তথ্যসমূহ দ্রুত অনুমোদনের বিষয়ে বিস্তারিত | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রত্যেক কর্তকর্তা-কর্মচারীদের তথ্য পিডিএস এ হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। GEMS এ কর্মকর্তাদের তথ্য হালনাগাদকরণ এবং হালনাগাদকৃত তথ্যসমূহ দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১.৫ | **ডি-নথি:**<br><br>উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন) জানান, জানুয়ারি ২০২৬ মাসে ডি-নথিতে নিষ্পত্তিকৃত নথির হার ৯৭.৬৫%। উক্ত মাসে নিষ্পত্তিকৃত নথির মধ্যে হার্ড নথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ০৭টি এবং ডি নথিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ২৯১টি। সভাপতি, হার্ড নথিতে কার্যক্রম কমিয়ে ডি-নথিতে বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন। অতিরিক্ত মহাপরিচালক সভায় ডি-নথিতে শতভাগ নথি নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** ডি নথিতে নিষ্পত্তিযোগ্য সকল নথি ডি-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে। ডি-নথি ব্যবহারে সমস্যার সম্মুখীন হলে এটুআই এর মাধ্যমে সমস্যার সমাধান করতে হবে। | উপপরিচালক (ই-সার্ভিস এন্ড ইনোভেশন)/ সকল দপ্তর |
| ১.৬ | **পূর্তকাজ:**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান, অনুমোদিত পূর্তকাজসমূহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত রাজস্ব বাজেটে "অন্যান্য ভবন ও অবকাঠামো" খাতে বরাদ্দকৃত অর্থের আওতায় মৎস্য অধিদপ্তরের অবকাঠামো নির্মাণ, মেরামত ও সংরক্ষণ কাজের নির্দেশিকা অনুসরণ পূর্বক স্বচ্ছতার সাথে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মাঠ পর্যায়ে তাগিদ দেওয়া হচ্ছে। তিনি আরো জানান, চলতি অর্থবছরে ৮১টি কাজ চলমান রয়েছে। সভায় পূর্তকাজসমূহের অগ্রগতি উপস্থাপন করা হয়। সভাপতি সকল পূর্তকাজ গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার জন্য এবং বিভাগীয় মৎস্য দপ্তরের একজন কর্মকর্তাকে কাজসমূহ মনিটরিং করার নিমিত্ত সংযুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** অনুমোদিত পূর্তকাজসমূহ সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণ করে স্বচ্ছতার সাথে গুণগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে। বিভাগীয় মৎস্য দপ্তরের একজন কর্মকর্তাকে পূর্তকাজসমূহ মনিটরিং এর নিমিত্ত দায়িত্ব প্রদান করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ১.৭ | **জেলে নিবন্ধন:**<br><br>উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) এর প্রতিনিধি সভায় জানান, ৮টি বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জানুয়ারি/২৬ মাসে মোট নতুন নিবন্ধিত জেলের সংখ্যা ১৬৭৫ জন এবং বাতিলকৃত জেলের সংখ্যা মোট ৩২৮০ জন। প্রতিবেদন অনুযায়ী দেশে সর্বমোট বর্তমান নিবন্ধিত জেলের সংখ্যা ১৮০০৭৭৪ জন। তিনি জানান, বাতিলকৃত ৩২৮০ জন জেলেদের মধ্যে মৃত্যুজনিত কারণে ১৩৪৫ জন, পেশা পরিবর্তনজনিত কারণে ১৯৩৫ জন বাতিল হয়েছে। সভাপতি, অপ্রকৃত জেলে বাতিলের নিমিত্ত ইউনিয়ন পর্যায়ে জেলে তালিকা হালনাগাদকরণ বিষয়ক সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করেন। সভায় ঢাকা বিভাগের নরসিংদী, | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্য সম্পদ সংরক্ষণ) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | মাদারীপুর, নারায়ণগঞ্জ, ফরিদপুর জেলায়, সিলেট বিভাগের হবিগঞ্জ এবং সুনামগঞ্জ জেলায়, চট্টগ্রাম বিভাগের কুমিল্লা,চাঁদপুর,কক্সবাজার, নোয়াখালি, লক্ষীপুর, খাগড়াছড়ি, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি জেলায়, খুলনা বিভাগের বাগেরহাট ও চুয়াডাঙ্গা জেলায় এবং ময়মনসিংহ বিভাগের জামালপুর জেলায় সভা হয়েছে মর্মে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালকগণ জানান।<br><br>**সিদ্ধান্ত:** সারাদেশের জেলে তালিকা যাচাই-বাছাই করে হালনাগাদ কার্যক্রম চলমান রাখতে হবে। অপ্রকৃত জেলে বাতিলের নিমিত্ত ইউনিয়ন পর্যায়ে জেলে তালিকা হালনাগাদকরণ বিষয়ক সভা আয়োজন করে জেলে তালিকা হালনাগাদের সুনির্দিষ্ট তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ১.৮ | **হাওর:**<br>উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) এর প্রতিনিধি সভায় জানান, প্রতিবেদনাধীন মাসে হাওর অঞ্চলে মৎস্য সংরক্ষণ আইনের আওতায় ৭৩টি অভিযান ও ১৮টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৪৯০৯০ মিটার দৈর্ঘ্যের ৪২৯টি নিষিদ্ধ জাল আটক করা হয়েছে। এছাড়া ০.৩২ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। তিনি আরো জানান, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলায় এবং ভোলা জেলার চরফ্যাশন, তজুমদ্দীন, দৌলতখান উপজেলায় ১৫ জন নিহত ও ১ জন অক্ষম জেলেসহ ১৬টি পরিবারকে সর্বমোট ৭,৭৫,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া নিহত/নিখোঁজ জেলে পরিবারকে মৎস্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে চেক বিতরনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি হাওর অঞ্চলে মৎস্যসম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন জোরদার করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** হাওর অঞ্চলে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন জোরদার করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (ময়মনসিংহ/ঢাকা/ সিলেট/ চট্টগ্রাম)/ উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ) |
| ১.৯ | **পরিদর্শন:**<br>উপপরিচালক, ফিল্ড সার্ভিস শাখা, সভায় জানান, অফিস পরিদর্শন প্রতিবেদনের ছকের কপি মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। তিনি জানান, জানুয়ারি ২০২৬ মাসে ১৫টি জেলা মৎস্য অফিস, ৩৪টি উপজেলা মৎস্য অফিস এবং ২১টি প্রকল্প কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। সভাপতি, অফিস পরিদর্শন বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম ও অফিস পরিদর্শন বৃদ্ধি করতে হবে এবং সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক এবং সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (ফিল্ড সার্ভিস) |
| ১.১০ | **অডিট:**<br>উপপরিচালক (অডিট) সভায় জানান, অনিষ্পন্ন অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনসহ ব্রডশিট জবাব ও পুন:জবাব কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। ৩টি দ্বি-পক্ষীয় সভা ও ৩টি ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে ইতোমধ্যে কার্যপত্র প্রেরণ করা হয়েছে। সভা অনুষ্ঠানের জন্য তাদের সঙ্গে অব্যাহত যোগাযোগ রয়েছে। সভায় ২০২৪-২৫ অর্থবছরে নতুন প্রাপ্ত ৭৬টি অডিট | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (অডিট)/ সকল দপ্তর |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | আপত্তিসমূহ বিভাজনসহ উপস্থাপন করা হয়।<br>জানুয়ারি/২০২৬ মাসের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ<br>অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা: ৭৮৩টি (২০২৪-২৫ অর্থবছরে নতুন প্রাপ্ত ৭৬টি আপত্তিসহ SFI: ১৫২টি, Non-SFI: ৬২৩টি এবং DP: ০৮টি)<br>নিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা: ৫টি (SFI: ০১টি, Non-SFI: ০৪টি)<br>ব্রডশিট জবাব প্রেরণের সংখ্যা: ২৩টি (SFI: ২০টি এবং Non-SFI: ৩টি)<br>দ্বি-পক্ষীয় সভার সংখ্যা: ০ (ক্রমপুঞ্জিত ০২টি)<br>অডিট বিষয়ক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ: ০ (ক্রমপুঞ্জিত ১টি)<br><br>**সিদ্ধান্ত:** অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১.১১ | **ক্ষুদ্রঋণ:**<br>উপপরিচালক (বাজেট ও অর্থ) সভায় জানান, বর্তমানে ক্রমপুঞ্জিত ঋণগ্রহীতার সংখ্যা ২৪৮০৮ জন, ক্রমপুঞ্জিত প্রদত্ত ঋণ/চলমান ঋণ ২১.৫৭৬১ কোটি টাকা, ক্রমপুঞ্জিত আদায় ১৩.৬৬৯৭ কোটি টাকা, আদায়ের হার ৬৩% এবং সর্বশেষ ব্যাংক স্থিতি ২৪.৬২৮৬ কোটি টাকা। তিনি আরো জানান, জানুয়ারি ২০২৬ মাসে ৭ বিভাগে সর্বমোট ১০.৪৭ লক্ষ টাকা আদায় হয়েছে এবং ঢাকা বিভাগে ৯.৬ লক্ষ টাকা, চট্টগ্রাম বিভাগে ২.০০ লক্ষ টাকা এবং খুলনা বিভাগে ২.৮০ লক্ষ টাকাসহ সর্বমোট ১৪.৪০ লক্ষ টাকা নতুন ঋণ বিতরণ করা হয়েছে। সভাপতি নতুন ঋণ বিতরণ করায় ৩টি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান। সভাপতি, নতুন ঋণ বিতরণ এবং পূর্বের ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করে আদায়ের হার ৮০ শতাংশে উন্নীত করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** নতুন ঋণ বিতরণ করতে হবে এবং পূর্বের ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করে আদায়ের হার ৮০ শতাংশে উন্নীত করতে হবে। | পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ১.১২ | **জরিপ:**<br>উপপরিচালক (মৎস্যসম্পদ জরিপ) জানান, Yearbook of Fisheries Statistics of Bangladesh, 2024-25 এর প্রণয়নকৃত খসড়ার রিভিউ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে রয়েছে। এছাড়া বিবিএসের মতামত অনুযায়ী তথ্য সংগ্রহের Structure পরিবর্তনের জন্য গত ২৯/০১/২০২৬ খ্রি. বিবিএস এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি সভায় মৎস্যসম্পদ জরিপ শাখায় জনবল পদায়নের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** Yearbook of Fisheries Statistics of Bangladesh, 2024-25 প্রণয়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মৎস্যসম্পদ জরিপ শাখায় জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্যসম্পদ জরিপ) |
| ১.১৩ | **সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম:**<br>পরিচালক (সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম) সভায় জানান, জানুয়ারি ২০২৬ মাসে ১১টি অভিযান পরিচালনা করে ৫টি ট্রলডোর অপসারণ করা হয়েছে। তিনি এখাতে বাজেট বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করেন। পরিচালক (ব্লু-ইকোনমি) | পরিচালক (সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (বরিশাল/ |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | জানান, তালিকাভুক্ত মোট আর্টিসানাল মৎস্য নৌযানের অনুমতি পত্র (Letter of Permission) প্রদানের লক্ষ্যমাত্রা ২০২৬ সালে পূর্বের ৫৫ শতাংশের সাথে নতুন করে ১৫ শতাংশ যুক্ত করে সর্বমোট ৭০ শতাংশ করা হয়েছে। তিনি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট ভুমিকা পালনের জন্য অনুরোধ করেন।<br>সভাপতি, সামুদ্রিক সেক্টরকে মৎস্য অধিদপ্তরের নন-ট্যাক্স রাজস্ব আদায়ের অন্যতম প্রধান উৎস হিসেবে উল্লেখ করে তা আদায় বৃদ্ধিতে তৎপরতা বাড়ানোর জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম কতৃর্ক ২০২৫-২৬ অর্থবছরে জানুয়ারি ২০২৬ পর্যন্ত রাজস্ব আদায় নিম্নরূপ:<br>ক) বাণিজ্যিক মৎস্য নৌযানের লাইসেন্স সংক্রান্ত সর্বমোট আয় ১,৪৯,৫৫,৬০০ টাকা।<br>i. বাণিজ্যিক মৎস্য নৌযানের লাইসেন্স ইস্যু/ নবায়ন ফি বাবদ ১৮,৫০,০০০ টাকা।<br>ii. ১,৯০০টি লাইসেন্সকৃত মৎস্য নৌযানের অনুমতিপত্র (এসপি) বাবদ ৫২,২২,০০০ টাকা।<br>iii. ২,১০১টি লাইসেন্সকৃত ও ট্রায়াল মৎস্য নৌযানের মৎস্য আহরণ ফি বাবদ ৭৭,৬৮,৬০০ টাকা।<br>iv. ৪টি মৎস্য নৌযানের মালিকানা/ নাম পরিবর্তন বাবদ রাজস্ব আয় ১,০০,০০০ টাকা।<br>খ)<br>i) ১৪টি বাণিজ্যিক মৎস্য নৌযানের বিরুদ্ধে জরিমানা বাবদ ১১,৫০,০০০ টাকা।<br>ii) ৯টি যান্ত্রিক মৎস্য নৌযান/আর্টিসানাল মৎস্য নৌযান এর বিরুদ্দে জরিমানা বাবদ ২৩,৮৫,৪৩০ টাকা।<br>সর্বমোট রাজস্ব আদায়ের পরিমাণ: ৩,২২,৪০,০৩০ টাকা।<br><br>**সিদ্ধান্ত:** উপকূলীয় জেলার আর্টিসানাল মৎস্য নৌযানে ট্রলডোর (Trawl door) অপসারণে অভিযান ত্বরান্বিত করতে হবে। তালিকাভুক্ত মোট আর্টিসানাল মৎস্য নৌযানের অনুমতি পত্র (Letter of Permission) প্রদানের লক্ষ্যমাত্রা ২০২৬ সালের মধ্যে ৭০ শতাংশ অর্জনের জন্য প্রচেষ্টা চলমান রাখতে হবে। রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূরণে সামুদ্রিক মৎস্য দপ্তরের পরিদর্শকদের সচেষ্ট ভূমিকা পালন করতে হবে। | খুলনা/চট্টগ্রাম) |
| ১.১৪ | **সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম:**<br>পরিচালক, (সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম) সভায় জানান যে, গবেষণা ও জরিপ জাহাজ "আর ভি মীন সন্ধানী" টিওএন্ডই ভুক্ত করার জন্য অনুমোদন পাওয়া গিয়েছে। রাজস্ব খাতে কোড খোলার জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। তিনি আরো জানান, গবেষণা ও জরিপ জাহাজ "আর ভি মীন সন্ধানী" পরিচালনা ও সামুদ্রিক মৎস্য অবতরণ কেন্দ্র ভিত্তিক ডাটা সংগ্রহ কার্যক্রম চলমান রাখার জন্য "সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ এবং মজুদ নিরূপণ জোরদারকরণ প্রকল্প" এর প্রণয়নকৃত ডিপিপির উপর মন্ত্রণালয়ে অনুষ্ঠিত যাচাই সবার সিদ্ধান্তের প্রেক্ষিতে পূণর্গঠিত ডিপিপি এবং জনবলের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে সভায় FAO এর সহযোগিতায় ক্রুজ পরিচালনাসহ ল্যান্ড বেজড ক্যাচ এন্ড ইফোর্ট সার্ভে অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/পরিচালক (সামুদ্রিক মৎস্যসম্পদ জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম)/ সংশ্লিষ্ট দপ্তর |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | হয়।<br><br>**সিদ্ধান্ত:** জরিপ জাহাজ "আর. ভি. মীন সন্ধানী" এর মাধ্যমে নিয়মিত ক্রুজ পরিচালনাসহ ল্যান্ড বেজড ক্যাচ এন্ড ইফোর্ট সার্ভে অব্যাহত রাখার জন্য পাইপলাইনে বিদ্যমান প্রকল্পসমূহ দ্রুততম সময়ের মধ্যে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজস্ব খাত হতে জরিপ জাহাজ "আর. ভি. মীন সন্ধানী" পরিচালনার জন্য কোড খোলার নিমিত্ত প্রস্তাব প্রেরণ করতে হবে। | |
| ১.১৫ | **মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা:**<br>পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা সভায় জানান, অনুমোদিত কর্মপরিকল্পনা এবং প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সকল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বর্তমানে কোন প্রশিক্ষণ চলমান নেই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আয়োজন করা হবে। তিনি সভায় একাডেমি তে চলমান পূর্তকাজসমূহের অগগ্রতি উপস্থাপন করেন। এছাড়া সভায় পিপিআর-২০২৫ এবং ই-জিপি বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি পূর্তকাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** অনুমোদিত কর্মপরিকল্পনা এবং বাজেট বরাদ্দ অনুযায়ী সকল প্রশিক্ষণ ও কর্মশালা যথাযথভাবে আয়োজন করতে হবে। পিপিআর-২০২৫ এবং ই-জিপি বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | পরিচালক (মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার)/ পরিচালক (বাজেট ও অর্থ)/ উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ১.১৬ | **মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) সভায় জানান, আগামী অক্টোবর ২০২৬ এ DG-Sante হতে অডিট কার্যক্রম পরিচালনার জন্য টিম আসবে। সে লক্ষ্যে প্রস্তুতি চলমান রয়েছে এবং মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর ও কোয়ালিটি কন্ট্রোল ল্যাবের কর্মকর্তাদের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্যপদসমূহ দ্রুত পূরণের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** অক্টোবর ২০২৬ এ DG-Sante হতে অডিট কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্যপদসমূহ দ্রুত পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)/ উপপরিচালক (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/খুলনা/চট্টগ্রাম) |
| ১.১৭ | **কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরিসমূহ:**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) সভায় জানান, কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ঢাকার জন্য LC-MS/MS মেশিন ক্রয়ের নিমিত্ত ই-জিপি তে টেন্ডার আহবান করা হয়েছে। এছাড়া সভায় world Fish এর সহায়তায় ৩টি কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরির আধুনিকায়নসহ অন্যান্য বিষয়ে প্রকল্প প্রণয়ন বিষয়ে সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে মর্মে জানানো হয়। এছাড়া মার্চ মাসে ভ্যালিডেশন ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ৩টি কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরির আধুনিকায়নসহ অন্যান্য বিষয়ে প্রকল্প প্রণয়নের নিমিত্ত world Fish কর্তৃক প্রণয়নকৃত সম্ভাব্যতা সমীক্ষার ওপর মার্চ মাসের ১ম সপ্তাহে ভ্যালিডেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)/ কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার (কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ঢাকা/খুলনা/চট্টগ্রাম) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১.১৮ | **মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ এবং মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর:**<br>সভায় প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর চলমান শিক্ষাবর্ষে শিক্ষার্থী কম ভর্তির বিষয়ে আলোচনা করেন। তিনি কারিগরি শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত সভায় উপস্থাপনকৃত প্রস্তাবনাসমূহের বিষয়ে আলোচনা করেন। প্রিন্সিপাল, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর সবায় জানান, ইনস্টিটিউটে বিদ্যমান অকেজো লঞ্চটি কনডেমনেশন ঘোষণার নিমিত্ত ইঞ্জিনিয়ার কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহে শিক্ষার্থী ভর্তির বিষয়ে কারিগরি শিক্ষা বোর্ডের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ প্রিন্সিপাল (মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ)/ প্রিন্সিপাল (মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর) |
| ১.১৯ | **বাঁওড়:**<br>সভায় বাঁওড় মৎস্য উন্নয়ন প্রকল্প এর দপ্তরসহ বাঁওড় ব্যবস্থাপকদের দপ্তরসমূহের অবকাঠামো এবং বাঁওড় এর মৎস্য সম্পদের উন্নয়নের নিমিত্ত প্রকল্প প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়। এসময় উপরিচালক (পরিকল্পনা) জানান, যাচাই সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করে জনবল সভার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** গৃহীতব্য প্রকল্পের জনবল সভা আয়োজনের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক (বাঁওড়)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.২০ | **মৎস্যবীজ উৎপাদন খামার ও হ্যাচারি কমপ্লেক্সসমূহ:**<br>সভায় অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। উপপরিচালক (মৎস্যচাষ) সভায় জানান, এখন পর্যন্ত অনুমোদিত কর্মপরিকল্পনার ১৮ শতাংশ অর্জিত হয়েছে। নিমগাছী মৎস্যচাষ প্রকল্প (রাজস্ব), রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর বাউন্ডারি লাগোয়া পুকুর মৎস্য অধিদপ্তরের আওতায় নিয়ে আসার বিষয়ে করণীয় নির্ধারণে ৩ সদস্য কমিটি গঠন করা হয়েছে। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) সভায়, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাদের খামারে পদায়ন এবং খামার ব্যবস্থাপকদের বদলি করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া সভায়, ময়মনসিংহ জেলার শম্ভুগঞ্জ খামারে ডিপটিউবওয়েল স্থাপনে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** চলতি ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ময়মনসিংহ জেলার শম্ভুগঞ্জ খামারে ডিপটিউবওয়েল স্থাপনে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ পরিচালক, বিভাগীয় মৎস্য দপ্তর (সকল)/ উপপরিচালক (মৎস্যচাষ)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ১.২১ | **মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর:**<br>সভায় চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে আলোচনা করা হয়। উপপরিচালক, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর জানান, চলতি অর্থবছরের ৬৬.০০ লক্ষ টাকা লক্ষ্যমাত্রার মধ্যে ইতোমধ্যে প্রায় ৩১ লক্ষ টাকা জমা দেয়া হয়েছে। তিনি জানান খামার প্রকল্পের আওতায় চলমান ২০টি পুকুরের পুনঃখনন কাজের মধ্যে ১১টি সম্পন্ন হয়েছে। এছাড়া রাস্তা, হ্যাচারীর সংস্কার কাজ চলমান | পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য)/ উপপরিচালক (মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | রয়েছে। সবায় মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর এ ডিপটিউবওয়েল স্থাপনে বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। চলমান পূর্তকাজসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর এ ডিপটিউবওয়েল স্থাপনে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১.২২ | **চিংড়ি শাখা:**<br>উপপরিচালক (চিংড়ি) সভায়, কক্সবাজারের খুরুসখুল এলাকায় চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজারের অফিস স্থাপনের জন্য ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। সভাপতি, ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ের সভায় নীতিগত সিদ্ধান্ত হয়েছে মর্মে জানান এবং এ লক্ষ্যে গঠিত কমিটিকে দ্রুত নির্ধারিত জায়গা পরিদর্শনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। উপপরিচালক (চিংড়ি) সভায়, মৎস্য অধিদপ্তরের নির্ধারিত কার্যপরিধি (Terms of Reference) অনুসারে চিংড়ি শাখার কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা করেন। তিনি আরো জানান, চিংড়িচাষ সম্প্রসারণ অঞ্চল, কালীগঞ্জ, সাতক্ষীরা এর এর কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও চিংড়ি চাষিদের পোনার চাহিদা মেটানোর লক্ষ্যে প্রয়োজনীয় পূর্তকাজের জন্য আঞ্চলিক মৎস্য কর্মকর্তা, খুলনা অঞ্চল, সাতক্ষীরা হতে প্রস্তাবনা পাওয়া গেছে। পরবর্তীতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া তিনি প্রদর্শনী খামার ও প্রশিক্ষণ কেন্দ্র (DFTC), সাতক্ষীরা এর কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে চিংড়ি চাষিদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে আলোচনা করেন।<br><br>সিদ্ধান্ত: কক্সবাজারের খুরুসখুল এলাকায় চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজারের অফিস স্থাপনের জন্য ২০ একর জায়গা বরাদ্দের বিষয়ে গঠিত কমিটিকে দ্রুত নির্ধারিত জায়গা পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (চিংড়ি) |
| ১.২৩ | **চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার:**<br>উপপরিচালক (চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার) সভায়, পুলিশ ফাঁড়ি স্থাপন এবং জনবল পদায়নের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** পুলিশ ফাঁড়ি স্থাপন বিষয়ে চেষ্টা চলমান রাখতে হবে। | উপপরিচালক (চিংড়ি)/ উপপরিচালক (চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার)/ সংশ্লিষ্ট দপ্তর |
| ২.০ | **আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের আলোচনা ও সিদ্ধান্ত:**<br>উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা সভায় জানান, চলতি ২০২৫-২৬ অর্থ-বছরে আরএডিপি'তে বরাদ্দ ৪২৮৬৬.০০ লক্ষ টাকা এবং এর মধ্যে জিওবি ১৯৯৫৪.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২২৯১২.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ মাস পর্যন্ত মোট ব্যয় ১৭১৬৯.১৫ লক্ষ টাকা (জিওবি ৫৯৮৭.৬০ ও প্রকল্প সাহায্য ১১১৮১.৫৪)। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৪০.০৫%, বিগত বছরের একই সময়ে অগ্রগতি ২০.০৫%। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক (সকল) |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **গভীর সমুদ্রে টুনা ও সমজাতীয় পেলাজিক মাছ আহরণে পাইলট প্রকল্প (২য় সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৬৮.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ২৭.১৩ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৯.৯০ এবং বাস্তব অগ্রগতি ৩৯.৯০%।<br><br>প্রকল্প পরিচালক জানান, বাংলাদেশে টেকসই ও অর্থনৈতিকভাবে কার্যকর টুনা ফিশিং শিল্প বিকাশের জন্য সমীক্ষা এবং মাস্টার প্ল্যান প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাবসমূহের মূল্যায়ন প্রতিবেদনের আলোকে ০৪ (চার) টি প্রতিষ্ঠানকে সংক্ষিপ্ত তালিকাভুক্ত করে (Short Listing) ক্রয়কারীর কার্যালয় প্রধান কর্তৃক অনুমোদন করা হয়েছে। কিন্তু বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) হতে (PS-11) ফরম না পাওয়ায় গত ১৬/০২/২৬ তারিখে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) হতে বিশ্বব্যাংক কর্তৃক আর্দশ দলিল ব্যবহার করার অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট ০৪টি প্রতিষ্ঠানের অনুকূলে গত ১৬/০২/২৬ তারিখে RFP ইস্যু করা হয়েছে। সভায়, ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে কর্মপরিকল্পনা অনুযাযী কার্যক্রম গ্রহণ করা বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ইস্যুকৃত RFP (Request For Proposal) এর ভিত্তিতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ যথাযথভাবে মূল্যায়ন করে পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.২ | **ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৫২৪৮.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ১৯৪৬.১৯ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৭.০৮% এবং বাস্তব অগ্রগতি ৩৭.০৮%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ইলিশ জেলেদের খাদ্য সামগ্রী বিতরণের লক্ষ্যে ০৬টি জেলার ২৩টি উপজেলার মধ্যে ০৩টি জেলার (লক্ষ্মীপুর, চাঁদপুর ও শরীয়তপুর) সুফলভোগীর তালিকা জেলা কমিটিতে অনুমোদিত হয়ে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। বাকি ০৩টি জেলার তালিকা মাঠ পর্যায় হতে প্রাথমিকভাবে চুড়ান্ত হয়ে জেলা দপ্তরে রয়েছে। জেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় চুড়ান্তকরণের পর প্রকল্প দপ্তরে প্রেরণ করা হবে। ইলিশ জেলেদের খাদ্য সামগ্রী বিতরণের লক্ষ্যে ঠিকাদারের অনুকূলে NoA ইস্যু করা হয়েছে। এছাড়া প্রকল্পে সংস্থানকৃত কম্বিং অপারেশনের ৫ম ও ৬ষ্ঠ ধাপের তারিখ নির্ধারণের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** আগামী মার্চ-এপ্রিল মাসে ইলিশ অভয়াশ্রমভুক্ত এলাকার ৪০০০০ জেলেকে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। প্রকল্পে সংস্থানকৃত কম্বিং অপারেশনের ৫ম ও ৬ষ্ঠ ধাপের তারিখ নির্ধারণের বিষয়ে পত্র প্রেরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.৩ | **দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (জুলাই ২০২০ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৪৪২৫.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ১৭৬১.২০ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৯.৮০% এবং বাস্তব অগ্রগতি ৪০।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত। বাজেট বাস্তবায়ন নীতিমালা অনুসারে ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ও ২য় ত্রৈমাসিকের কাজ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। মৎস্য বীজ উৎপাদন খামার গোপালগঞ্জ এর অফিস ভবন নির্মাণ কাজ মনিটরিং এর জন্য মৎস্য ভবন থেকে একজন নির্বাহী প্রকৌশলী সংযুক্ত রয়েছেন। তিনি সরেজমিন নিয়মিত নির্মাণ কাজ মনিটরিং করছেন।বকনা বাছুর বিতরণের পূর্বে উপজেলা বাস্তবায়ন কমিটি এবং পিপিআর ২০২৫ অনুযায়ী টেকনিক্যাল কমিটি কর্তৃক যথাযথভাবে যাচাই বাছাই করা হচ্ছে। ইতোমধ্যে ৬৭৪ গ্রুপে ৩৩৭০ জন সুফলভোগীর মাঝে বকনা বাছুর বিতরণ করা হয়েছে। সভাপতি, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>**সিদ্ধান্ত:** সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৪ | **ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (১ম সংশোধিত) (মৎস্য অধিদপ্তর অংশ) (অক্টোবর ২০২১ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৩১২০.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৮০৯.৯৮ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ২৫.৯৬% এবং বাস্তব অগ্রগতি ৩৪%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ১ম ত্রৈমাসিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা ৩৩৪.৬৯ লক্ষ টাকা (১৩%) এর বিপরীতে অর্জিত হয়েছে ৪০৭.৮৪ লক্ষ টাকা (১৪%)। তিনি আরো জানান, প্রকল্পের আওতায় ৮টি বাজার উন্নয়নের নিমিত্ত টেন্ডার (ই-জিপি) মূল্যায়ন সম্পন্ন করে NOA প্রদান করা হয়েছে। খুব দ্রুত বাজার উন্নয়নের কাজ শুরু করা হবে এবং যথাযথভাবে তা সম্পন্ন করা হবে। এছাড়া প্রকল্পের ২য় সংশোধনের নিমিত্ত ইনসুলেটেড ভ্যান ক্রয় বাদ দিয়ে সংশোধিত ডিপিপি প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। প্রকল্পের আওতায় বাজার উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাব অনুমোদনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৫ | **নিমগাছী সমাজভিত্তিক মৎস্যসম্পদ ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২৩ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১০০৩.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ২৫৯.০৫ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ২৫.৮৩% এবং বাস্তব অগ্রগতি ২৬%। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (বিভাগীয় মৎস্য দপ্তর, |

CS CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন কার্যক্রম অব্যাহত রয়েছে। সমিতি নিবন্ধন কার্যক্রম তাড়াশ ব্যতীত অন্যান্য উপজেলায় সম্পন্ন হয়েছে। খনন কাজ যথাসময়ে সম্পন্ন করতে প্রচেষ্টা চলমান রয়েছে। এছাড়া প্রকল্প মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাব মারচ মাসের মধ্যে প্রেরণ করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। সমিতি নিবন্ধন কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে। প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির বিষয়ে পিএসসি সভার সিদ্ধান্ত মোতবেক সংশোধিত ডিপিপিসহ প্রস্তাব মার্চ মাসে অবশ্যই প্রেরণ করতে হবে। | রাজশাহী)/ প্রকল্প পরিচালক |
| ২.৬ | **হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজননক্ষেত্র উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়) (সেপ্টেম্বর ২০২৩ হতে জুন ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১২০০.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৩৬৭.১৩ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩০.৫৯ এবং বাস্তব অগ্রগতি ৩৪।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম চলমান। আরএডিপির শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে জোর তৎপরতা অব্যাহত আছে। এছাড়া হ্যাচারি ভবন মেরামত ও পুনর্গঠন, হ্যাচারি ভবন সম্প্রসারণ ও নির্মাণ কাজ যথাযথভাবে বাস্তবায়নে নিয়মিত মনিটরিং ও সমন্বয় করা হচ্ছে। তিনি আরো জানান, বিএফআরআই এর অনুকূলে গবেষণা বাবদ ইতোমধ্যে ১২৫.০০ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে। সভায় প্রকল্পের আওতায় সংস্থানকৃত ম্যুরাল নির্মাণের পরিবর্তে মন্ত্রণালয়ের গঠিত কমিটির সুপারিশ মোতাবেক নির্ধারিত বিষয়াদি অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। প্রকল্পের আওতায় সংস্থানকৃত ম্যুরাল নির্মাণের পরিবর্তে মন্ত্রণালয়ের গঠিত কমিটির সুপারিশ মোতাবেক নির্ধারিত বিষয়াদি অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের জন্য প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (বিভাগীয় মৎস্য দপ্তর, চট্টগ্রাম)/ প্রকল্প পরিচালক |
| ২.৭ | **বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (জুলাই ২০২৪ হতে জুন ২০২৮):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৪৭৯৯.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৩২২.১৯ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৬.৭১% এবং বাস্তব অগ্রগতি ৩৯.৫০%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং তা যথাযথভাবে বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। পুকুর খননের মাটি যেন খামারের বাইরে সরানো না হয় সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, ২টি হ্যাচারী ইউনিটের সংস্কার কাজের জন্য টেন্ডার আহবান করা হয়েছে। এছাড়া চলমান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | অর্থবছরে ১০টি বাউন্ডারি ওয়াল নির্মাণের স্থলে ১৪টি এবং বটমলাইনার স্থাপন করা হচ্ছে। সকল চলমান কার্যক্রমসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি কার্যক্রম সম্পাদনে মাঠপর্যায়ের সকল কর্মকর্তাদের সহযোগিতা কামনা করেন। সভাপতি কার্যক্রমসমূহ নিয়মিত পরিদর্শনে বিভাগীয় পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি প্রধান কার্যালয়ের একজন উপপরিচালককে আহবায়ক করে একজন ইঞ্জিনিয়ারসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। সকল পূর্তকাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। হ্যাচারী ইউনিটের সংস্কার কাজ প্রজনন মৌসুমের পূর্বেই সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিভাগীয় পরিচালকগণ কার্যক্রমসমূহ নিয়মিত পরিদর্শন করবেন। প্রধান কার্যালয়ের একজন উপপরিচালককে আহবায়ক করে একজন ইঞ্জিনিয়ারসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। | |
| ২.৮ | **ফিশারীজ লাইভলিহুড এনহ্যান্সমেন্ট প্রজেক্ট ইন কোস্টাল এরিয়া অব দি বে অফ বেঙ্গল (জুলাই ২০২৩ হতে মে ২০২৭):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১৫৫৬.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৯২২.০৫ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ৫৯.২৬% এবং বাস্তব অগ্রগতি ৬২%।<br><br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে কাজ বাস্তবায়ন করা হচ্ছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে। দাতা সংস্থার সাথে সমন্বয় রেখে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরো জানান, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রেরিত প্রস্তাব ইআরডিতে প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রেরিত প্রস্তাব অনুমোদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ পরিচালক (সংশ্লিষ্ট বিভাগীয় মৎস্য দপ্তর)/ প্রকল্প পরিচালক |
| ২.৯ | **Aquatic Ecosystem Conservation and Management in the North- east and South-west Region of Bangladesh- USAID Ecosystem/ Protibesh (Dof Component) প্রকল্প (জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৭):**<br><br>প্রকল্পটিতে ইউএসএইড এর অর্থায়ন প্রত্যাহারের বিষয়ে ERD হতে মতামত পাওয়া গিয়েছে এবং প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত করার জন্য IMED'র মতামত গ্রহণে পত্র প্রদান করা হয়েছে মর্মে জানানো হয়। সভায় মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প বন্ধ/স্থগিত, ব্যয়িত টাকা এবং PCR প্রণয়নসহ নানাবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্তকরার জন্য IMED'র মতামত গ্রহণের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১০ | **মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীতব্য উন্নয়ন প্রকল্পসমূহের সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প (২য় পর্যায়) (মে ২০২৫ হতে জুন ২০২৬):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ২৪৯.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ৪৪.৩০ লক্ষ টাকা। এডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ১৮.৪১% এবং বাস্তব অগ্রগতি ৪৫%।<br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় গৃহীতব্য ৩টি প্রকল্পের সম্ভাব্যতা কার্যক্রম সম্পন্ন করার জন্য ফার্ম সিলেকশন সম্পন্ন হয়েছে। উক্ত ফার্মসমূহ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। এছাড়া অবশিষ্ট ৩টি প্রকল্পের জন্য ফার্ম সিলেকশনের আরএফপি মূল্যায়ন চলমান রয়েছে। তিনি আরো জানান, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৫ লক্ষ টাকা বৃদ্ধি করে মেয়াদ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সভায় সকল কার্যক্রম সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্পের আওতায় গৃহীতব্য সকল সম্ভাব্যতা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক ফার্ম সিলেকশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.১১ | **ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) (জুলাই ২০২৫ হতে জুন ২০২৮):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ১১২৫.০০ লক্ষ টাকা। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় ২৩.৪২ লক্ষ টাকা। আরএডিপি অনুযায়ী আর্থিক অগ্রগতি ২.০৮% এবং বাস্তব অগ্রগতি ১৮%।<br>প্রকল্প পরিচালক জানান, ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম চলমান। মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রদর্শনী খাতে প্রাথমিকভাবে ১৩৫টি উপজেলায় ৫৪০টি প্রদর্শনী এবং প্রশিক্ষণ খাতে ১৩৫টি উপজেলায় ২৭০০ জন সুফলভোগীদের জন্য ১৩৫টি প্রশিক্ষণ এর বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশিয় ছোট মাছ চাষ প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৮৩৫টি প্রদর্শনীর বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং ও পরিদর্শন করার বিষয়ে আলোচনা করেন। সভাপতি প্রকল্প পরিচালক কে বিভাগীয় মৎস্য দপ্তরের সমন্বয় সভায় উপস্থিত থেকে প্রকল্প কার্যক্রম সম্পর্কে অবহিত করার বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং ও পরিদর্শন করতে হবে। প্রকল্প পরিচালক কে বিভাগীয় মৎস্য দপ্তরের সমন্বয় সভায় উপস্থিত থেকে প্রকল্প কার্যক্রম সম্পর্কে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অবহিত করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ২.১২ | **জবই বিল ও পার্শ্ববর্তী এলাকার বিলসমূহে মৎস্যসম্পদ ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২৫ হতে জুন ২০২৯):**<br>২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে বরাদ্দ ৩০০.০০ লক্ষ টাকা। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় শূন্য।<br>প্রকল্প পরিচালক জানান, আরএডিপি অনুযায়ী বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ২২৫.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। সভায় প্রকল্পের আওতায় বিল নার্সারি স্থাপন, পেনামাছ অবমুক্তকরণ, জেলে কর্মসংস্থান বিষয়ে আলোচনা করা হয়। আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** মাঠ পর্যায়ের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। আরএডিপি শতভাগ বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.১৩ | **মৎস্যচাষ ও মৎস্যখাতে আসিয়ান (ASEAN)-বাংলাদেশ সহযোগিতা প্রকল্প (২য় পর্যায়) (অক্টোবর ২০২৫ হতে জুন ২০২৭):**<br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি আরএডিপিতে অন্তর্ভুক্ত ছিলোনা বিধায় বিদ্যমান সরকারি মৎস্য খামারসমূহের সক্ষমতা ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) হতে উপযোজনের মাধ্যমে ২৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ ও আন্তর্জাতিক কর্মশালা আয়োজনের জন্য কনসাল্টিং ফার্ম সিলেকশনের নিমিত্ত জারিকৃত EoI এর প্রেক্ষিতে প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়নের কাজ চলমান রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** উপযোজনের প্রস্তাব অনুমোদনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রকল্প পরিচালক |
| ৩.০ | **নন-এডিপিভুক্ত প্রকল্পসমূহের আলোচনা ও সিদ্ধান্ত:** | |
| ৩.১ | **Livelihood Enhancement of the Small-scale Fish Farmers and Nutrition Security of Rural Masses in SAARC Region through Aquaculture Development (Aqua Livelihood Project) (২৫.০৭.২০২৫ হতে ২৫.০৭.২০২৮):**<br>সভায়, প্রকল্পের ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির অনুকূলে অদ্যাবধি কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। তবে ব্যাংক একাউন্ট খোলাসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.২ | **Sustainable Management of Fisheries and Marine Living Resources and their Habitats in the Bay of Bengal Region for the Benefit of Coastal States and Communities (BOBLME II):**<br>সভায় প্রকল্পটির ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির অনুকূলে কোন অর্থ সংশ্লেষ নেই। তিনি আরো জানান, প্রকল্পটি ৭টি দেশে বাস্তবায়িত হচ্ছে। সভায় প্রকল্পটির আওতায় ২টি EAFM পদ্ধতি পাইলটিং, ১টি Marine Managed Area (MMA)/MPA তে ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ এবং ETP (Endangered, Threatened and Protected) Species সংরক্ষণ, IUU Fishing নিয়ন্ত্রণ ২টি মৎস্য বন্দরে দূষণ নিয়ন্ত্রণ এবং মৎস্যজীবীদের Livelihood (বিশেষত মহিলাদের) নিয়ে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে মর্মে জানানো হয়। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |

CamScanner

| ক্র. নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **সিদ্ধান্ত:** নির্ধারিত কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | |
| ৩.৩ | **Enabling Activities to Support the Ratification and Early Implementation of the Agreement under the United Nations Convention on the Law of the Sea (EA-BBNJ) in Bangladesh under the GEF (ফেব্রুয়ারি ২০২৬ হতে জানুয়ারি ২০২৭):**<br>সভায়, প্রকল্পের ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটি এফএও এর অর্থায়নে বাস্তবায়িত হবে। এফএও এর সাথে এলওএ স্বাক্ষরের জন্য খসড়া প্রস্তুত করা হয়েছে এবং ব্যাংক একাউন্ট খোলা হয়েছে। এলওএ স্বাক্ষরের পর কার্যক্রম শুরু করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** এলওএ স্বাক্ষর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.৪ | **Integrated ecosystem approach to fisheries management for sustainable Livelihoods and fisheries in the Haors of Moulvibazar** (জুলাই ২০২৫ হতে জুন ২০২৭):<br>প্রকল্পটি এফএও এর অর্থায়নে বাস্তবায়িত হবে। প্রকল্পটি বাস্তবায়নে এফএও এবং মৎস্য অধিদপ্তরের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে। এ সংক্রান্ত একটি সভা ইআরডিতে অনুষ্ঠিত হয়েছে। এলওএ স্বাক্ষরের পর কার্যক্রম শুরু করা হবে। প্রকল্পের আওতায় মৌলভীবাজার জেলার ৯টি বিলে কার্যক্রম সম্পন্ন হবে।<br><br>**সিদ্ধান্ত:** এলওএ স্বাক্ষর কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |
| ৩.৫ | **PRO-ACT Bangladesh; Resilience Strengthening through Agri-Food Systems Transformation in Cox's Bazar:**<br>সভায়, প্রকল্পের বিকল্প ফোকাল পয়েন্ট জানান, প্রকল্পটির কার্যক্রম এখনো শুরু হয়নি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সকল কার্যক্রম দ্রুত শুরু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সংশ্লিষ্ট দপ্তর |

আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০২/২০২৬

(ড. মোঃ আবদুর রউফ)
মহাপরিচালক
০২-২২৩৩৮২৮৬১
dg@fisheries.gov.bd

CamScanner

নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১২.০১.০০১৬.২৪. ৮৪ তারিখঃ ২৬ /০২/২০২৬ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অভ্যন্তরীণ মৎস্য/ব্লু-ইকোনমি/বাজেট ও অর্থ/রিজার্ভ/সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম/সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, চট্টগ্রাম/মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ/ ......................।
৩. পরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. প্রকল্প পরিচালক (বাঁওড়) ...........................................................।
৫. উপপরিচালক (প্রশাসন/বাজেট ও অর্থ/মৎস্যচাষ/চিংড়ি/ফিল্ড সার্ভিস/পরিকল্পনা/অডিট/প্রশিক্ষণ/ব্লু-ইকোনমি/ইলিশসম্পদ ব্যবস্থাপনা/বাস্তবায়ন/মৎস্যসম্পদ জরিপ/মৎস্যসম্পদ সংরক্ষণ/ সেবা ও সরবরাহ/সম্প্রসারণ/রেসিডিউ মনিটরিং এন্ড এলার্ট রেসপন্স, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬. উপপরিচালক, মৎস্য প্রজনন ও প্রশিক্ষণ কেন্দ্র, রায়পুর, লক্ষ্মীপুর/ চিংড়ি চাষ সম্প্রসারণ অঞ্চল, কক্সবাজার।
৭. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
৮. কোয়ালিটি অ্যাসুরেন্স ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা।
৯. অধ্যক্ষ/প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইনস্টিটিউট, চাঁদপুর/ গোপালগঞ্জ/ কিশোরগঞ্জ/ সিরাজগঞ্জ/ মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/ মৎস্য সম্প্রসারণ ও প্রশিক্ষণ কেন্দ্র, ফরিদপুর।
১০. উপপরিচালক, ই-সার্ভিস এন্ড ইনোভেশন, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (নোটিশটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১. প্রকল্প পরিচালক .................................................................।
১২. ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট.................................................।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী পরিচালক, প্রশাসন-১/প্রশাসন-২/ডোসিয়ার/সমন্বয়/পরিকল্পনা/সেবা ও সরবরাহ/প্রচার ও প্রকাশনা শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৫. উপপ্রধান, বাস্তবায়ন/সামুদ্রিক/ইলিশসম্পদ ব্যবস্থাপনা শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৬. মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬/০২/২০২৬

(সরকার আনোয়ারুল কবীর আহমেদ)
উপপরিচালক

CamScanner